গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি) আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ সংবাদকক ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail-pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর: ৪৩

ময়মনসিংহ বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ, (বুধবার, ১১ অক্টোবর ২০২৩):

ময়মনসিংহ বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা বুধবার (১১ অক্টোবর) বিভাগীয় কমিশনার উন্মে সালমা তানজিয়ার সভাপতিত্ব তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বিভাগের বিভিন্ন দপ্তরের প্রধানগণসহ চার জেলার জেলা প্রশাসকগণ উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয়, আগামী ১৯ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহ বিভাগে নির্মিত সড়ক বিভাগের ৪০টি ব্রিজ অনলাইনে উদ্বোধন করবেন। এ উপলক্ষে সার্কিট হাউজ মাঠে জনসমাবেশ করা হবে। সড়ক বিভাগের এসিই মোঃ শওকত আলী সভায় আরও জানান, ৪০টি ব্রিজের মধ্যে ময়মনসিংহে ২৩টি, নেত্রকোনায় ১২টি এবং জামালপুরে ৫টি। এছাড়া ওই সময় কেওয়াটখালী ও রহমতপুর ব্রিজের নির্মাণ কাজের উদ্বোধন করা হবে।

গণপূর্ত বিভাগের এসিই ড.মঈদুল ইসলাম জানান, জামালপুরে শেখ হাসিনা মেডিক্যাল কলেজের নির্মাণ কাজ চলমান রয়েছে। পানি উন্নয়ন বোর্ড থেকে জানানো হয়, শীঘ্রই মুক্তাগাছার ৪২ কিলোমিটার দৈর্ঘ্যের আইমুন নদী পুনঃখনন করা হবে।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আবু নঈম মোহামদ্দ সফিউল আলম জানিয়েছেন এ বছর বোরো ধান থেকে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। কৃষি বিভাগের উপপরিচালক সালমা আক্তার জানিয়েছেন এ বছর রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ৬ লাখ ৪ হাজার ৫৬২ হেক্টর ছাড়িয়েছে। তিনি আরো জানান রবি মৌসুমে সরিষা আবাদ বৃদ্ধির জন্য ১ লাখ ৫৬ হাজার কৃষককে ১ বিঘা করে সরিষা আবাদের বীজ ও সার প্রদান করা হবে।

প্রাণিসম্পদ দপ্তরের প্রতিনিধি অনিমেষ সোম জানান, ২০২৪ সালের মধ্যে ছাগলের পিপিআর রোগ নির্মূলে কাজ করছে প্রাণিসম্পদ দপ্তর। মৎস্য বিভাগের উপপরিচালক মোঃ নজরুল ইসলাম বলেন, বিগত অতিবৃষ্টিতে ময়মনসিংহ বিভাগের ৮ হাজার হেক্টর মৎস্য খামার অতিবৃষ্টিতে ভেসে গিয়ে ৬৫৮কোটি টাকা ক্ষতিগ্রস্ত হয়েছেন মৎস্যচাষীরা। ক্ষতিপূরণ পাওয়ার বিষয়ে কমিশনারের মাধ্যমে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণের অনুরোধ করেন তিনি।

প্রাথমিক শিক্ষা বিভাগের উপপরিচালক রেজা আলী জানান, আগামী ১৪-১৫ তারিখে ময়মনসিংহে বঙ্গাবন্ধু ও বঙ্গামাতা ফুটবল গোল্ডকাপ টুর্নামেন্ট সার্কিট হাউজ মাঠে অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান প্রত্যেক উপজেলায় প্রাথমিক শিক্ষার নতুন কারিকুলামের উপর ভিত্তি করে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

পরিবেশ বিভাগের পরিচালক দিলরুবা খানম বলেন, বিভাগের পরিবেশ দপ্তর শব্দ ও বায়ু দূষণ রোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রেখেছে। সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী বলেন, সিটি করপোরেশন মেডিক্যাল বর্জ্য রিসাইকল করার পদক্ষেপ গ্রহণ করেছে।

আইন-শৃঙ্খলা বিভাগ থেকে জানানো হয়েছে ময়মনসিংহে নারী নির্যাতন সংক্রান্ত মামলা কমেছে। ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি (অতিরিক্ত আইজিপি হিসেবে পদোন্নতি প্রাপ্ত) দেবদাস ভট্টাচার্য্য আগামী দুর্গাপূজা উপলক্ষে সব ধরনের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন। তবে সাধারণ জনগণকে সচেতন থাকার অনুরোধ করেন তিনি। সবাইকে ধন্যবাদ দিয়ে বিভাগীয় কমিশনার সভা সমাপ্ত করেন।

#

দেওয়ান/মনির/রিদওয়ান/হুদা/রেজভী/২০২৩/১৪:০০ঘন্টা